গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
শিক্ষা ভবন (২য় ব্লক),ঢাকা।
www.eedmoe.gov.bd

**বিষয়: ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ উদ্‌যাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব মোঃ দেলোয়ার হোসেন মজুমদার, প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর।

সভার স্থান : সভাকক্ষ, প্রধান কার্যালয়, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর

তারিখ ও সময় : ২০/০৩/২০২৩ খ্রিঃ, বিকাল ০৫.০০ ঘটিকা।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার প্রারম্ভিক বক্তব্যে সভাপতি বলেন, ২৫ মার্চ গণহত্যা দিবস আমাদের জন্য একটি শোকাবহ দিন। অন্যদিকে, ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস আমাদের জাতীয় জীবনের অন্যতম গৌরবময় দিন। প্রধান প্রকৌশলী তাঁর বক্তব্যের শুরুতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন এবং বঙ্গবন্ধুসহ মহান মুক্তিযুদ্ধে আত্মদানকারী সকল বীর শহিদের বিদেহী আত্মার শান্তি কামনা করেন। তিনি প্রতি বছরের ন্যায় যথাযোগ্য মর্যাদার সাথে দিবসটি উদ্‌যাপনের জন্য এ অধিদপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারীকে কর্মসূচিসমূহে স্বতঃস্ফুর্তভাবে অংশগ্রহণ এবং অর্পিত স্ব স্ব দায়িত্ব যথাযথভাবে পালনের উপর গুরুত্বারোপ করেন। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন ও অর্থ) কর্তৃক দিবসটি পালন উপলক্ষ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় ও স্টিয়ারিং কমিটির সভার এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণীতে শিক্ষা প্রকৌশল অধিদপ্তর সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ পাঠ করা হয়।

অত:পর ২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৩ এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ যথাযথ মর্যাদায় উদ্‌যাপন এর জন্য শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কর্মসূচি চূড়ান্তকরণের লক্ষ্যে উপস্থিত সদস্যবৃন্দ মতামত প্রদান করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

| ক্রমিক | তারিখ/সময় | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|
| সিদ্ধান্ত ১ | ২৫/০৩/২০২৩ (রাত ১০:৩০ টা থেকে ১০:৩১ টায় পর্যন্ত) | রাত ১০:৩০ টা থেকে ১০:৩১ টায় পর্যন্ত ০১ মিনিটের জন্য প্রতীকী ব্লাক আউট পালন করা হবে। | জনাব মো: জরজিসুর রহমান, সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর |
| সিদ্ধান্ত ২ | ২৬/০৩/২০২৩ (সূর্যোদয়ের সাথে সাথে) | সূর্যোদয়ের সাথে সাথে শিক্ষা ভবনের ছাদে এবং এ ভবনের সামনে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। এ লক্ষ্যে সঠিক মাপ ও রংয়ের জাতীয় পতাকার ব্যবহার নিশ্চিত করতে হবে। | জনাব মো: জরজিসুর রহমান, সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর |
| সিদ্ধান্ত ৩ | ২৬/০৩/২০২৩ সকাল ৯:০০ টা | শিক্ষা প্রকৌশল অধিদপ্তর প্রাঙ্গণে স্থাপিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর প্রতিকৃতিতে ২৬/০৩/২০২৩ তারিখ সকাল ৯:০০ টায় এবং একই দিন সকাল ৯:১৫ টায় মহান স্বাধীনতাযুদ্ধে শহিদদের স্মরণে শিক্ষা ভবনস্থ শহিদ মিনারে শিক্ষা প্রকৌশল অধিদপ্তর প্রধান কার্যালয় এবং ঢাকা সার্কেল ও ঢাকা মেট্রোর কর্মকর্তা-কর্মচারীগণের অংশগ্রহণে পুষ্পস্তবক অর্পণ করা হবে। এ লক্ষ্যে জাতির পিতার প্রতিকৃতি স্থাপন এবং দুইটি পুষ্পস্তবকের ব্যবস্থা করতে হবে। | ১। মো: গোলাম সাকলাইন, সহকারী প্রকৌশলী<br>২। জনাব মো: ইমরান হোসাইন খান, সহকারী প্রকৌশলী |
| সিদ্ধান্ত ৪ | ২৬/০৩/২০২৩ সন্ধ্যা ৬:১৫ টা | শিক্ষা ভবনে আলোকসজ্জা করা হবে যা রাতব্যাপী বহাল থাকবে। | জনাব মো: জরজিসুর রহমান, সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর |

| | | | |
|---|---|---|---|
| সিদ্ধান্ত ৫ | ২৬/০৩/২০২৩ | ২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৩ এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৩ উদ্‌যাপন অনুষ্ঠানে কর্মকর্তা/কর্মচারীগণকে সকাল ৯:০০ টার মধ্যে উপস্থিত হওয়ার লক্ষ্যে প্রয়োজনীয় যানবাহনের ব্যবস্থা নিশ্চিত করতে হবে। | ১। জনাব মো: আবুল হাসেম সরদার, নির্বাহী প্রকৌশলী (ডেস্ক-১)<br>২। জনাব মো: জরজিসুর রহমান, সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) |
| সিদ্ধান্ত ৬ | ২৭/০৩/২০২৩<br>(বাদ জোহর) | মহান স্বাধীনতাযুদ্ধে সকল শহিদের স্মরণে এবং জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে শিক্ষা ভবন জামে মসজিদে শিক্ষা ভবনের সকল কর্মকর্তা-কর্মচারীগণের অংশগ্রহণে প্রার্থনা ও মোনাজাতের আয়োজন করা হবে। | ১। জনাব মীর মোয়াজ্জেম হুসেন, নির্বাহী প্রকৌশলী (ডেস্ক-০২)<br>২। জনাব মো: আবু ছায়িদ চৌধুরি, উপপরিচালক (অর্থ) (অতিরিক্ত দায়িত্ব)<br>৩। জনাব মো: আজিজ উদ্দিন মিয়াজী, সহকারী প্রশাসনিক কর্মকর্তা |

২.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মো: দেলোয়ার হোসেন মজুমদার)
প্রধান প্রকৌশলী (রুটিন দায়িত্ব)

সংখ্যা-৩৭.০৭.০০০০.০০৮.২৮.৩৩২.১৪-১৮১/৮(১০০)

তারিখ: ০৬ চৈত্র ১৪২৯ বঙ্গাব্দ
২০ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

**অনুলিপি সদয় অবগতি/ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):**

০১. অতিরিক্ত সচিব (উন্নয়ন), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. অতিরিক্ত সচিব (প্রশাসন), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৭. তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়/............... সার্কেল
০৮. নির্বাহী প্রকৌশলী (সকল), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়/............... জেলা
০৯. উপপরিচালক (অর্থ), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
১০. প্রোগ্রামার, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
১১. সহকারী প্রকৌশলী (সকল), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়/ ............... জেলা/সার্কেল
১২. হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়/............... সার্কেল
১৩. প্রশাসনিক কর্মকর্তা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়
১৪. উপসহকারী প্রকৌশলী (সকল), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়/ ............... জেলা
১৫. সহকারী প্রশাসনিক/সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর ..............................
১৬. প্রধান প্রকৌশলীর ব্যক্তিগত সহকারী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়
১৭. পরিচালক (প্রশাসন ও অর্থ) এর ব্যক্তিগত সহকারী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়
১৮. জনাব...................................................................................................
১৯. অফিস কপি

২০/০৩/২০২৩
(আসাদুজ্জামান)
উপপরিচালক (প্রশাসন)